

সূজনশীল বাংলাদেশ



উপজেলা শিল্পকলা একাডেমি  
সালথা, ফরিদপুর।

বিজ্ঞপ্তি : উ.শি.এ.সালথা, ০১/২০১৯

তাৎক্ষণ্য : ১৪/১১/২০১৯

বিষয়ঃ সদস্যভূক্তি।

উপজেলা শিল্পকলা একাডেমি, সালথা, ফরিদপুর-এর সদস্য সংগ্রহের জন্য বিজ্ঞপ্তি

সুবৃথা,

শুভেচ্ছা নিবেন। অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, জাতীয় সংস্কৃতির উন্নতি ও বিকাশ সাধনে আঞ্চলিক ভিত্তিতে জনসাধারণের মধ্যে যথাযথ সাংস্কৃতিক মানসিকতা ও সৌন্দর্যবোধের চর্চা, সম্প্রসারণ ও শিল্পচর্চার সাথে ঘনিষ্ঠ সম্পর্ক সৃষ্টি করতে উপজেলা শিল্পকলা একাডেমি, সালথা-এর পূর্ণাঙ্গ কার্যক্রম চালু হচ্ছে। এ উদ্দেশ্যেই গত ২৮/১০/২০১৯ খ্রি মঙ্গলবার একাডেমির বর্তমান ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট এডহক কমিটি এক বৈঠকের মাধ্যমে উপজেলা শিল্পকলা একাডেমি, সালথা-এর সদস্য সংগ্রহের জন্য নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করেছে।

সিদ্ধান্তসমূহঃ

- ১। উপজেলা শিল্পকলা একাডেমি, সালথা-এর সদস্য হতে একাডেমির নির্দিষ্ট আবেদন ফরমে আবেদন করতে হবে। উপজেলা নির্বাহী অফিসার সালথা-এর কার্যালয়ে এ সদস্য আবেদন ফরম পাওয়া যাবে। সদস্য হতে ইচ্ছুক ব্যক্তি অফিস চলাকালীন সময়ের মধ্যে আবেদন ফরম সংগ্রহ করতে পারবেন অথবা saltha.faridpur.gov.bd ওয়েবসাইট এর নেটিশ বোর্ড থেকে ফরম ডাউনলোড করতে পারবেন।
- ২। সদস্যভূক্তির জন্য আবেদনের সময়সীমা : ১৫ নভেম্বর থেকে ১৫ ডিসেম্বর, ২০১৯ (ফরম প্রদান) এবং ১৭ ডিসেম্বর থেকে ২৬ ডিসেম্বর, ২০১৯ (ফরম গ্রহণ) ও ৩১ ডিসেম্বর, ২০১৯ আবেদন ফরম যাচাই-বাচাই করা হবে।
- ৩। সকলের অবস্থার জন্য উপজেলা শিল্পকলা একাডেমির গঠনতত্ত্ব অনুযায়ী সদস্যভূক্তি ও সদস্যভূক্তির নিয়মাবলী নিম্নে পেশ করা হলো-

- সংস্কৃতির ক্ষেত্রে অবদান রয়েছে এমন 'সংস্কৃতিমান' ব্যক্তি উপজেলা শিল্পকলা একাডেমির সদস্য হইতে পারিবেন।
- 'সংস্কৃতিমান' বলিতে সংস্কৃতির বিভিন্ন ক্ষেত্র, যেমন : সঙ্গীত, নৃত্য, নাটক, চারকলা, আবৃত্তি, যন্ত্ৰসঙ্গীত, যাত্রাশিল্প, চলচ্চিত্র, সাহিত্য ও শিল্প সমালোচনার ক্ষেত্রে অবদান রয়িয়াছে এমন ব্যক্তিবর্গকে বুৱাইবে। প্রার্থীর সংস্কৃতির যে ক্ষেত্রে অবদান রয়িয়াছে তাহার স্বপক্ষে প্রমাণাদিসহ আবেদন করিতে হইবে। আবেদনপত্র কার্যনির্বাহী/ এডহক কমিটি কর্তৃক যাচাই-বাচাইপূর্বক অনুমোদিত হইবে।
- সদস্য ভূক্তির ফি ৩০০/- (তিনিশত) এবং বার্ষিক চাঁদা ২০০/- (দুইশত) টাকা দিতে হইবে।
- জুলাই হইতে জুনের জন্য দেয় বার্ষিক চাঁদা অবশ্যই ৩০ জুনের মধ্যে পরিশোধ করিতে হইবে।
- যে কোনো সংস্কৃতিমান ব্যক্তি এককালীন ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা চাঁদা দান করিয়া জীবন সদস্যপদ লাভ করিতে পারিবেন।
- সদস্যপদ লাভের জন্য প্রার্থীকে সংস্কৃতির যে ক্ষেত্রে অবদান রয়িয়াছে তাহার স্বপক্ষে প্রমাণাদি সহ-কার্যনির্বাহী/এডহক কমিটির সভাপতির নিকট নির্ধারিত ফরমে আবেদন করিতে হইবে। উক্ত আবেদনপত্রে কার্যনির্বাহী/এডহক কমিটির দুইজন সদস্যের সুপারিশ থাকিতে হইবে।
- আবেদনপত্র কার্যনির্বাহী/এডহক কমিটি কর্তৃক যাচাই-বাচাই পূর্বক সদস্য ভূক্তির আবেদনপত্র কার্যনির্বাহী/এডহক কমিটি দ্বারা মঙ্গল হইলে নির্ধারিত ফি ও বাংসরিক চাঁদা দানের পর প্রার্থীর নাম সদস্য তালিকাভুক্ত হইবে।

উপরিউক্ত বিষয়াবলী অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করে সাহিত্য, শিল্প ও সাংস্কৃতিক ঐহিত্যের সালথা উপজেলা শিল্পকলা একাডেমির পূর্ণাঙ্গ কার্যক্রমকে এগিয়ে নিতে সর্বিকভাবে সহযোগিতা করুন।

এডহক কমিটি সদস্যগণ

পদবী

মোবাইল

- ১। উপজেলা নির্বাহী অফিসার -----সভাপতি---- ০১৭০১৬৭০০২৯
- ২। জনাব শুব্রিমল কুমার বিশ্বাস-সদস্য----- ০১৭১৮৮৪৩০২
- ৩। জনাব মোঃ মাহবুবুর রহমান-সদস্য----- ০১৭১৮৬৬১৭৮৬
- ৪। জনাব বলরাম সরকার-সদস্য----- ০১৭২৫৫০১০০৫
- ৫। জনাব মোঃ এখতিয়ার রহমান--সদস্য সচিব ---- ০১৮১২২৩০৭৬৯

(মোহাম্মদ হাসিব সরকার)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা শিল্পকলা একাডেমি  
সালথা, ফরিদপুর।

১৪/১১/২০১৯